

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
শুংখলা-২ শাখা
www.mohfw.gov.bd

তারিখঃ ১১.০২.২০১৬ খ্রিঃ

নং- ৪৫.১৫১.০২৭.০০.০০.০১৫.২০১৪-

প্রজ্ঞাপন

যেহেতু জনাব মোহাম্মদ কামরুজ্জামান, পরিবার পরিকল্পনা কর্মকর্তা (লীড রিজার্ভ), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা এর বিরুদ্ধে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ০৩.০৭.২০১২ তারিখের ০৫.২০৭.০২৩.০০.০০.০০১.২০১২-৫৪৮নং প্রজ্ঞাপন মোতাবেক PGD in Global Development & Social Research, Teesside University, UK-তে ২২.০৯.২০১২ তারিখ হতে ২৪.০৫.২০১৩ তারিখ পর্যন্ত মাস্টার্স ডিগ্রী/ডিপ্লোমা কোর্সে অধ্যয়নের জন্য স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের ছাড়পত্র গ্রহন করতঃ যুক্তরাজ্য গমন করেন। কোর্স শেষে নির্ধারিত সময়ে দেশে প্রত্যাবর্তন না করে গত ২৫.০৫.২০১৩ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকেন।

যেহেতু উপরোক্ত অভিযোগে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩ (বি) ও ৩ (সি) বিধি মোতাবেক 'অসদাচরণ' ও 'বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিতি' এর দায়ে ২৭.০৪.২০১৪ খ্রিঃ তারিখে বিভাগীয় মামলা দায়ের পূর্বক কারণ দর্শানো নোটিশ জারী করা হয়।


যেহেতু তিনি বিভাগীয় মামলার কারণ দর্শানো নোটিশের জবাব প্রদান করেননি। সে কারণে তার বিরুদ্ধে আনিত অভিযোগ সমূহ তদন্ত করানো হয়, এবং তদন্ত অভিযোগ প্রমানিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদন পাওয়া যায়।

যেহেতু তদন্ত রিপোর্টের আলোকে তাকে ২য় কারণ দর্শানো নোটিশ জারী করা হয় এবং তিনি জবাব প্রদান না করায় তাকে চাকুরী থেকে বরখাস্ত করার সিদ্ধান্ত গ্রহন করে বাংলাদেশ সরকারী কর্ম কমিশন (পিএসসি) এর মতামত চাওয়া হয়। পিএসসি মন্ত্রণালয়ের সিদ্ধান্তের সাথে একমত পোষণ করেন।

যেহেতু মহামান্য রাষ্ট্রপতি তাকে চাকুরি হতে বরখাস্তের বিষয়ে সম্মতি প্রদান করেছেন।

এমতাবস্থায়, জনাব মোহাম্মদ কামরুজ্জামান, পরিবার পরিকল্পনা কর্মকর্তা (লীড রিজার্ভ), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকাকে সরকারি কর্মচারী (শুংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৪ (৩) (ডি) বিধি মোতাবেক তার অননুমোদিত অনুপস্থিতির তারিখ ২৫/০৫/২০১৩ হতে সরকারি চাকুরি থেকে বরখাস্ত করা হল।

জনস্বার্থে এই আদেশ জারী করা হল।



সৈয়দ মনজুরুল ইসলাম
সচিব

তারিখঃ ১১.০২.২০১৬ খ্রিঃ

নং- ৪৫.১৫১.০২৭.০০.০০.০১৫.২০১৪- ২৬ (৬)

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ

- ১। মহা-পরিচালক, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান, ঢাকা (নোটিশটি অভিযুক্ত কর্মকর্তার স্থায়ী ও বর্তমান ঠিকানায় প্রেরণপূর্বক মন্ত্রণালয়কে অবহিত করার জন্য অনুরোধ করা হল)।
- ২। পরিচালক, এমআইএস, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, কাওরান, ঢাকা (তথ্যটি কম্পিউটারে সংরক্ষিত রাখার জন্য অনুরোধ করা হল)।
- ৩। সিভিল সার্জন, ঢাকা।
- ৪। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সিজিএ ভবন, ঢাকা।
- ৬। জনাব মোহাম্মদ কামরুজ্জামান, পরিবার পরিকল্পনা কর্মকর্তা (লীড রিজার্ভ), পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা।
স্থায়ী ঠিকানাঃ বাড়ী নং-১০৯৩, সূচনা রেইসকোর্স, ডাকঘর-কুমিল্লা, থানা-কুমিল্লা, জেলা-কুমিল্লা।


(মোঃ আনোয়ার হোসেন)
সহকারী সচিব